# নীলফামারী পৌরসভা কার্যালয়
## নীলফামারী।
### নগর সমন্বয় কমিটির (TLCC)'র এর ৪৯তম ত্রৈ-মাসিক সভার কার্যবিবরণী
### অক্টোবর-ডিসেম্বর/২০২১ খ্রিঃ

**সভাপতি ঃ জনাব দেওয়ান কামাল আহমেদ**
**মেয়র, নীলফামারী পৌরসভা।**

**সভার স্থান ঃ নীলফামারী পৌরসভা মিলনায়তন**

**সভার তারিখ ঃ ২০/১২/২০২১খ্রিঃ**

**সময় ঃ ১১.০০ ঘটিকা।**

সভার উপস্থিতি ঃ পরিশিষ্ট - 'ক' দ্রষ্টব্য

সভার শুরুতেই সম্মানীত সদস্যবৃন্দের উপস্থিতিতে সভার কার্যাদি শুরু হয়। সভার প্রারম্ভে জনাব মোঃ খাইরুল ইসলাম পবিত্র কোরআন তেলাওয়াত করেন, পবিত্র গীতা থেকে পাঠ করেন জনাব শ্রী দুলাল চন্দ্র রায়, বিলক্লাক, নীলফামারী পৌরসভা, নীলফামারী । সভাপতি মহোদয় নগর সমন্বয় কমিটি (TLCC)-এর সম্মানিত সকল সদস্যকে সালাম ও শুভেচ্ছা জানিয়ে সভার কার্য আরম্ভ করেন। বর্তমানে সারা বিশ্বে করোনা ভাইরাস সংক্রমিত হয়েছে, বাংলাদেশেও এর প্রভাব দেখা দিয়েছে তাই কোভিড-১৯(করোনা ভাইরাস) মোকাবেলায় নিজে, পরিবার ও সামাজিকভাবে সুরক্ষার স্বার্থে মাননীয় প্রধান মন্ত্রী জননেত্রী শেখ হাসিনার ৩১ টি নির্দেশনা তুলে ধরেন এবং সামাজিক দুরত্ব বজায় রেখে স্বাস্থ্য বিধি মেনে চলার জন্য স্ব-স্ব এলাকায় প্রচারে উদাত্ত আহবান করেন। করোনা ভাইরাস এর বৈশ্বিক মহামারী থেকে রক্ষায় মহান আল্লাহ তালার নিকট যে-যার ধর্ম অনুযায়ী প্রার্থনা করার জন্য অনুরোধ করেন।

সভাপতির অনুমতিক্রমে জনাব ফরিদ আহমেদ, ঠিকাদান সুপার ভাইজার নোটিশের আলোচ্য সূচী অনুযায়ী সভার কার্য শুরু করেন এবং নিম্নরূপ মতে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

**আলোচ্য সূচী - ১ ঃ বিগত সভার কার্য বিবরণী পঠন ও অনুমোদন।**

| বিগত সভার কার্য বিবরণী পাঠ | কার্য বিবরণী সঠিকভাবে লিখিত হওয়া বিষয়ে আলোচনা | প্রয়োজনীয় সংশোধন (যদি থাকে) | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| জনাব মোঃ আফজালুল হক অত্র পৌরসভার কোষাধ্যক্ষ গত ২৯/০৯/২০২১ তারিখের সভার কার্য বিবরণী সভায় পাঠ করে শোনান। | কার্য-বিবরণী সঠিকভাবে লিখিত হয় ও সদস্যদের মধ্যে বিতরণ করা হয়। | কোন সংশোধনী নেই | বিগত সভার আলোচনা ও সিদ্ধান্ত সমূহ সর্ব সম্মতিক্রমে অনুমোদন করা হলো। |

**আলোচ্য সূচী - ২ ঃ UGIIP-III এর আওতায় UGIAP বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা।**

**ক্ষেত্র-১ ঃ নাগরিক সচেতনতা ও তাদের অংশগ্রহণ(Citizen Awareness and Participation)**

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | সিদ্ধান্ত বাস্তবায়নের জন্যদায়িত্বপ্রাপ্ত ব্যক্তি | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ক) | TLCC গঠন ও কার্যকর রাখা (সূত্র ঃ পৌরসভা আইন, ২০০৯ এর ১১৫ ধারা) | TLCC সম্মানিত সদস্য সচিব জনাব মোঃ মশিউর রহমান জানান যে, অত্র পৌরসভায় ২০১২সাল থেকে নিয়মিতভাবে ত্রৈ-মাসিক ভিত্তিতে TLCC সভা যথাসময়ে অনুষ্ঠিত হয় এবং যথাসময়ে কার্যবিবরণী PMO-তে প্রেরণ করা হয়ে থাকে। ২৯/০৯/২০২১ তারিখের সভার কার্য বিবরণী প্রস্তুত করে সকল সদস্যদের মধ্যে বিতরণ করা হয়েছে এবং তা PMO-তেও প্রেরণ করা হয়েছে। | প্রক্রিয়া চলমান রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | সচিব | |
| খ) | WC গঠন ও কার্যকর রাখা (সূত্র ঃ পৌরসভা আইন, ২০০৯ এর ১৪ ধারা) | WC সদস্য সচিব জনাব মোঃ তাজুল ইসলাম জানান ত্রৈ-মাসিক ভিত্তিতে গত ২৪/১১/২০২১ তারিখ হতে ০৬/১২/২০২১ তারিখ পর্যন্ত ৯টি ওয়ার্ডের ৯টি WC সভা অনুষ্ঠিত হয়েছে । মহামারী করোনার ভাইরাসের কারনে পৌর এলাকার অনেক নারী পুরুষ কর্মহীন হয়ে পরেছে ও হঠাৎ শীতের প্রকোপ বৃদ্ধি পাওয়ায় অসহায় নারী পুরুষদের মাঝে নিত্য প্রয়োজনীয় খাদ্য সামগ্রী ও শীতবস্ত্র ক্রয়পুর্বক বিতরনের জন্য WC সম্মানীত সভাপতি ও সদস্যগন মত পোষন কনের বলে জানান। সভার কার্য বিবরণী প্রস্তুত করে সকল সদস্যদের মধ্যে বিতরণ করে PMO-তে প্রেরণ করা হয়েছে। | প্রক্রিয়া চলমান রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী প্রকৌশলী (সিভিল/পানি) | |
| গ) | নাগরিক সনদ (সিটিজেন চার্টার) প্রণয়ন ও বাস্তবায়ন | নাগরিক সনদ (সিটিজেন চার্টার) চুড়ান্তভাবে হালনাগাদ করে পৌর এলাকার ৫টি গুরুত্বপূর্ণ জনবহুল স্থান যেমন ডিসির মোড়, বড় বাজার, কেন্দ্রীয় বাস টার্মিনাল, হাসপাতাল সংলগ্ন উকিলের মোড়, এবং পৌরসভা চত্তরে স্থাপন করা হয়েছে। প্রদর্শিত নাগরিক সনদ অনুযায়ী পৌরসভার যাবতীয় সেবা কার্যক্রম পরিচালনা করা হচ্ছে। ফলে পৌর নাগরিক সেবা গ্রহণ যেমন সহজতর হয়েছে তেমনি পৌরবাসীও সেবার মুল্য প্রদানে উৎসাহী হয়েছে। | পার্শ্বে উল্লেখিত আলোচনার প্রেক্ষিতে নাগরিক সনদ বিকৃত কিংবা নষ্ট হলে তাৎক্ষনিক ভাবে প্রতিস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়। | সচিব | |
| ঘ) | তথ্য ও অভিযোগ প্রতিকার (সেল গঠন ও কার্যকর রাখা) | গত ১/১১/২০১২ ইং তারিখে পৌরসভা চত্বরে অভিযোগ বক্স স্থাপন করা হয়েছে। পৌরসভা সচিব জনাব মশিউর রহমান জানান অক্টোবর-ডিসেম্বর/২০২১ ইং মাসে ১০ টি অভিযোগ পাওয়া গেছে। তন্মধ্যে ৩ টি অভিযোগ বাক্সে জমা হয়েছে এবং ৭ টি অভিযোগ পৌরসভার বিভিন্ন ওয়ার্ড থেকে মুটোফোনের মাধ্যমে পাওয়া যায়। এ সমস্ত অভিযোগের মধ্যে সমস্ত অভিযোগ নিস্পত্তি করা হয়েছে। অত্র কমিটির সভাপতি জনাব মোঃ বাদশা আলমগীর জানান তথ্য ও অভিযোগ প্রতিকার সেল গঠন ও কার্যকর রাখার ফলে পৌরসভা ও পৌর নাগরিক এর মধ্যে একটি সম্পর্ক তৈরি হয়েছে এবং অভিযোগের দ্রুত সমাধান হওয়ায় নাগরিক সন্তুষ্টি বিদ্যমান রয়েছে। | সংশ্লিষ্ট শাখার দায়িত্বপ্রাপ্ত ব্যক্তিকে তাৎক্ষণিকভাবে নিস্পত্তি বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপ-সহকারী প্রকৌশল(বিদ্যৎ) /কনজারভেন্সি ইন্সপেক্টর | |

**ক্ষেত্র-২ ঃ নগর পরিকল্পনা(Urban Planning)।**

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | সিদ্ধান্ত বাস্তবায়নের জন্যদায়িত্বপ্রাপ্ত ব্যক্তি | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ক) | পৌরসভা উন্নয়ন পরিকল্পনা (PDP) প্রণয়ন ও বাস্তবায়ন | পৌরসভার নির্বাহী প্রকৌশলী জনাব তারিক রেজা জানান যে UGIIP-III প্রকল্পের আওতায় প্রথম Phase এর কাজ শেষ হয়েছে এবং ২য় Phase এ মোট ৩১ টি প্রকল্প বাস্তবায়নের জন্য ঠিকাদার নির্বাচন করা হয়েছে। তন্মধ্যে ২৫টি PDP হতে প্রকল্প গ্রহন করা হয়েছে এবং বাকী ৬ টি প্রকল্প TLCC সভায় অনুমোদন পুর্বক গ্রহন করা হয়েছে। বর্তমানে ২৯ টি প্রকল্পের কাজ সমাপ্ত হয়েছে। বাকী কাজগুলো নির্দিষ্ট সময়ের মধ্যে সমাপ্ত করা হবে। সহকারী প্রকৌশলী জনাব মোঃ হামিদুর রহমান ও জানান যে, PDP ও সম্মানীত কাউন্সিলর,মহিলা কাউন্সিলর সমন্বনে W C মিটিং এর সিদ্ধান্ত মতে পৌরসভার বিভিন্ন ওয়ার্ডে কিছু রাস্তা ও ড্রেন নির্মানের জন্য প্রকল্প নির্বাচন করা হয়েছে যা ই জি পি টেন্ডারের মাধ্যমে আহবান করা হয়েছে বাকী কার্যক্রম প্রক্রিয়াধীন আছে এবং মহামারী করোনার ভাইরাস কারনে উন্নয়ন কাজ সাময়িক বন্ধ আছে। জনাব তাহমিন হক ববি(সাংবাদিক) নাগরিক সমাজের প্রতিনিধি পৌরসভার উন্নয়নমুলক কাজে সবার সহযোগিতায় কামনা করেন। | সম্মানীত কাউন্সিলর গনের প্রস্তাবে UGIIP-III প্রকল্পের আওতায় প্রকল্পগুলির উন্নয়ন কাজ যথাসময়ে বাস্তবায়নের জন্য প্রস্তাব গৃহীত হয়। | নির্বাহী প্রকৌশলী | |
| খ) | উন্নয়ন কার্যক্রম নিয়ন্ত্রণ | জনাব মোঃ দুদু মিয়া সহকারী প্রকৌশলী সদস্য সচিব নগর পরিকল্পনা ইউনিট জানান যে, নগর পরিকল্পনা ইউনিটের ত্রৈ-মাসিক সভা গত ১৯/১২/২০২১ তারিখে অনুষ্ঠিত হয় এবং সভার কার্য-বিবরণী সদস্য ও PMO তে প্রেরন করা হয়েছে । অক্টোবর-ডিসেম্বর/২০২১ই কোয়াটারে ১০ টি নকশা অনুমোদনের জন্য জমা হয় তন্মধ্যে পুর্বেরজমাকৃত নকশাসহ ১৯ টি অনুমোদন দেওয়া হয়। অবশিষ্ট নকশা ত্রুটিপুর্ন থাকায় অনুমোদন দেওয়া হয় নাই। | প্রক্রিয়া চলমান রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | নির্বাহী প্রকৌশলী | |
| গ) | বাজেট বরাদ্দসহ বার্ষিক O & M পরিকল্পনা প্রণয়ন | সহকারী প্রকৌশলী জনাব মোঃ হামিদুর রহমান জানান ২০২১-২০২২ অর্থবছরে O&M খাতে ৮৭,১০,০০০/- বরাদ্দ রাখা রয়েছে। বরাদ্দ অনুযায়ী বাৎসরিক কর্মপরিকল্পনা প্রস্তত করা হয়েছে। চলতি অক্টোবর-ডিসেম্বর/২০২১ ইং কোয়ার্টারে ২৪,৮২,৮৪৬/-টাকা ব্যয় করা হয়েছে। জুলাই-ডিসেম্বর/২০২১ইং পর্যন্ত সর্বমোট অবকাঠামো রক্ষনাবেক্ষন কাজে ব্যয় হয়েছে ৩২,৭১,১৪৬/-টাকা। ব্যয়ের হার ৩৮%। | ২০২১-২২ অর্থ বছরে O&M খাতে বরাদ্দ অনুযায়ী যথাসময় ব্যয় করার গৃহীত হয়। | নির্বাহী/সহকারী প্রকৌশলী | |

**ক্ষেত্র-৩ ঃ নারী ও শহুরে জনগোষ্ঠীর সমতা ও অন্তর্ভুক্তি করণ (Equity and Inclusiveness of Women and Urban Poor) ।**

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | সিদ্ধান্ত বাস্তবায়নের জন্যদায়িত্বপ্রাপ্ত ব্যক্তি | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ক) | জেন্ডার কর্ম পরিকল্পনা | নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির সদস্য সচিব জনাব মোঃ আফজালুল হক জানান | পার্শ্বে উল্লেখিত আলোচনার প্রেক্ষিতে | গঠিত কমিটির সদস্য | |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | প্রণয়ন ও বাস্তবায়নের জন্য মহিলা ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি (নির্ধারিত নির্দেশিকা অনুযায়ী) গঠণ ও সক্রিয় রাখা (সূত্র ঃ পৌরসভা আইন, ২০০৯ এর ৫৫ ধারা) | ২৫/১০/২০২১,১৬/১১/২০২১,ও ১৪/১২/২০২১ ইং তারিখে নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত হয়। সভার কার্যবিবরনী তৈরী করে সদস্যদের মাঝে বিতরন করা হয়েছে। নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি জনাবা মোছাঃ নূরজাহান বেগম কাউন্সিলর ওয়ার্ড নং ৭,৮ ৯ জানান জেন্ডার এ্যাকশন প্লান বাস্তবায়নের লক্ষ্যে ২০২১-২০২২ অর্থবছরে রাজস্ব বাজেটে GAP খাতে ১৭,৬০,০০০.০০ টাকা বরাদ্দ রাখা হয়েছে। উক্ত টাকা GAP বাস্তবায়নের লক্ষে বাষিক কর্মপরিল্পনা প্রস্তুত করা হয়েছে। পরিকল্পনা অনুয়ায়ী চলতি অক্টোবর-ডিসেম্বর/২০২১ কোয়ার্টারে ৬,৮০,০০০/-টাকা বরদ্দ রাখা হয়েছে। পরিকল্পনা অনুয়ায়ী চলতি কোয়ার্টারে অসহায় দরিদ্র নারীদের মাঝে চিকিৎসা/বিবাহ ১০,০০০.০০ টাকা, গরীব অসহায় নারীদের মাঝে আর্থিক সাহায্য বাবদ ১০,০০০.০০ টাকা, করোনা ভাইরাস মোকাবেলায় হতদরিদ্রনারীদের মাঝে খাদ্যসাগ্রী, মাস্ক, হ্যান্ড স্যানিটাইজার,সাবান বাবদ ৩,০০,০০০/-টাকা, গরীব অসহায় মেধাবী ছাত্রীদের বই ক্রয়/ফরমপুরন বাবদ ১০,০০০/-টাকা ও গরীব অসহায় নারীদের মাঝে শীতবস্ত্র ক্রয় পুর্বক বিতরন বাবদ ৩,৫০,০০০/- টাকা বরাদ্দ রাখা হয়েছে । পরিকল্পনা অনুয়ায়ী চলতি কোয়ার্টারে অসহায় দরিদ্র নারীদের মাঝে চিকিৎসা/বিবাহ ১২,০০০.০০ টাকা, গরীব অসহায় নারীদের মাঝে আর্থিক সাহায্য বাবদ ১০,০০০.০০ টাকা, গরীব অসহায় মেধাবী ছাত্রীদের বই ক্রয়/ফরমপুরন বাবদ ১০,০০০/-টাকা ও গরীব অসহায় নারীদের মাঝে শীতবস্ত্র ক্রয় পুর্বক বিতরন বাবদ ২,০০,৬২৫/- টাকা মোট ব্যয় ২,৩২,৬২৫.০০ টাকা। জুলাই-ডিসেম্বর/২০২১ইং পর্যন্ত সর্বমোট ব্যয় হয়েছে ৪,৬৬,৬২৫/-টাকা । ব্যয়ের হার ২৭%। তিনি আরও জানান অক্টোবর-ডিসেম্বর/২১ইং কোয়াটারে নারীদের সচেতনতা বৃদ্ধির জন্য ৯টি ওয়ার্ডে ১৮টি উঠান বৈঠক করা হয়েছে।<br>মহামারী করোনার হাত থেকে রক্ষার জন্য সকলকে বার বার সাবান পানি দিয়ে হাত ধোয়া, ও মাক্স পড়া , ৩ ফিট দূরত্ব বজায় রেখে চলার এবং করোনায় আতঙ্কিত না হয়ে ডাক্তারের পরামর্শ নেওয়া জন্য অনুরোধ করেন। | মহামারী করোনার হাত থেকে রক্ষার জন্য ক্রান্তিকালিন সময়ে কমহীন নারীদের মাঝে GAP বরাদ্দ হতে নিত্য প্রয়োজনীয় খাদ্য সামগ্রী ক্রয়পুবক বিতরনের জন্য করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সচিব | |
| খ) | দারিদ্র হ্রাসের কর্ম পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নের জন্য দারিদ্র হ্রাস ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি (নির্ধারিত নির্দেশিকা অনুযায়ী) গঠণ ও সক্রিয় রাখা (সূত্র ঃ পৌরসভা আইন, ২০০৯ এর ৫৫ ধারা) | দারিদ্র হ্রাস ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি জনাব মোঃ আব্দুল জলিল ওয়ার্ড নং ৫ জানান ২০২১-২০২২ অর্থবছরে PRAP খাতে ৩২,১০,০০০/- টাকা বরাদ্দ রাখা হয়েছে। উক্ত টাকা PRAP বাস্তবায়নের লক্ষে বাষিক কর্মপরিল্পনা প্রস্তুত করা হয়েছে। দারিদ্র হ্রাস ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির সহযোগী সদস্য জনাব এস এম মোরশেদুল ইসলাম জানান ২৬/১০/২০২১,১৭/১১/২০২১,ও ১৪/১২/২০২১ ইং তারিখে দারিদ্র হ্রাস ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির সভা অনুষ্টিত হয়। সভার কার্যবিবরনী তৈরী করে সদস্যদের মাঝে বিতরন করা হয়েছে।<br>তিনি আরও জানান পরিকল্পনা অনুয়ায়ী চলতি কোয়ার্টারে অক্টোবর-ডিসেম্বর/২০২১ইং পযর্ন্ত অসহায় দরিদ্র পুরুষদের মাঝে চিকিৎসা ২০,০০০.০০ টাকা ও গরীব অসহায় পুরুষদের মাঝে আর্থিক সাহায্য বাবদ ২০,০০০.০০ টাকা ও বই ক্রয়/ফরম পুরন বাবদ ১০,০০০/-টাকা, গরীব অসহায় দরিদ্র পুরুষ ব্যক্তিদের মাঝে শীতবস্ত্র ক্রয় পুর্বক বিতরন বাবদ ৭,০০,০০০/-টাকা ও করোনা ভাইরাস মোকাবেলায় হতদরিদ্রপুরুষদের মাঝে খাদ্যসাগ্রী,মাস্ক,হ্যান্ড স্যানিটাইজার,সাবান বাবদ ৪,০০,০০০/-টাকা মোট ১১,৫০,০০০/- বরাদ্দ রাখা হয়েছে । | পার্শ্বে উল্লেখিত আলোচনার প্রেক্ষিতে মহামারী করোনার হাত থেকে রক্ষার জন্য ক্রান্তিকালিন সময়ে কমহীন নারী-পুরুষদের মাঝে GAP বরাদ্দ হতে নিত্য প্রয়োজনীয় খাদ্য সামগ্রী ক্রয়পুবক বিতরনের জন্য করার সিদ্ধান্ত গৃহীত হয়। | গঠিত কমিটির সদস্য<br>সচিব | |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | | অক্টোবর-ডিসেম্বর/২০২১ইং কোয়াটারে অসহায় দরিদ্র পুরুষদের মাঝে চিকিৎসা ১৫,০০০.০০ টাকা ও গরীব অসহায় পুরুষদের মাঝে আর্থিক সাহায্য বাবদ ১৫,০০০.০০ টাকা গরীব অসহায় দরিদ্র পুরুষ ব্যক্তিদের মাঝে শীতবস্ত্র ক্রয় পুর্বক বিতরন বাবদ ৩,২৮,৫০০/-টাকা ও বই ক্রয়/ফরম পুরন বাবদ ১০,০০০/-টাকা মোট ৩,৬৮,৫০০/- টাকা ব্যয় করা হয়েছে। জুলাই-ডিসেম্বর/২০২১ইং পর্যন্ত সর্বমোট ব্যয় হয়েছে ৮,১০,৪৬০/-টাকা । ব্যয়ের হার ২৫%। কর্মপরিকল্পনা অনুযায়ী অবশিষ্ট টাকা যথা সময়ে ব্যয় করা হবে। মহামারী করোনার হাত থেকে রক্ষার জন্য সকলকে বার বার সাবান পানি দিয়ে হাত ধোয়া ও মাস্ক পড়া , ৩ ফিট দূরত্ব বজায় রেখে চলার এবং করোনায় আতঙ্কিত না হয়ে ডাক্তারের পরামর্শ নেওয়া জন্য অনুরোধ করেন। | | | |
| গ) | বস্তি উন্নয়ন কার্যক্রম বাস্তবায়নের জন্য বস্তি উন্নয়ন কমিটি (SIC) গঠণ | অত্র বস্তি সমূহে ২৮টি প্রাথমিক দল (Primary Group-PG) গঠন ও ৫টি বস্তি উন্নয়ন কমিটি (Slum Improvement Commitee-SIC) গঠন, সভার কাজ ও কমিউনিটি এ্যাকশন প্লান(ক্যাপ) প্রস্তুত এর কাজ শেষ হয়েছে এবং প্রতিটি বস্তি উন্নয়ন কমিটির ব্যাংক হিসাব খোলা হয়েছে । উক্ত ২৮টি প্রাথমিক দল (Primary Group-PG) ও ৫টি বস্তি উন্নয়ন কমিটি (Slum Improvement Commitee-SIC) নিয়মিত সভা অনুষ্ঠিত হচ্ছে এবং PMO- তে প্রেরণ করা হয়েছে। বস্তি উন্নয়নের কাজ চলমান আছে। | প্রকল্প পরিচালক মহোদয়ের নির্দেশনা অনুযায়ী ৫টি বস্তি সমূহে প্রাইমারী দল ও বস্তি উন্নয়ন কমিটির মাসিক সভা চলমান রাখার বস্তি উন্নয়নের কাজ শুরু হয়েছে দ্রুত কাজ শেষ করার সিদ্ধান্ত গৃহিত হয়। | বস্তি উন্নয়ন কর্মকর্তা/ সদস্য সচিব | |

**ক্ষেত্র-৪ ঃ স্থানীয় সম্পদ আহরণ বৃদ্ধি(Enhancement of Local Resource Mobilization) ।**

।

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | সিদ্ধান্ত বাস্তবায়নের জন্যদায়িত্বপ্রাপ্ত ব্যক্তি | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৪ | ৫ | ৬ | |
| ক) | হোল্ডিং ট্যাক্স এর মাধ্যমে রাজস্ব আহরণ | চলতি ২০২১-২০২২ অর্থ বছরে মোট হোল্ডিং সংখ্যা সরকারী ৫৯ টি ও বেসরকারী হোল্ডিং সংখ্যা ৮৮৯৪ টি সর্বমোট ৮৯৫৩ টি যাহার বিপরীতে সরকারী বকেয়া দাবী ১০,০৯,৬৮৩.০০ টাকা বেসরকারী বকেয়া দাবী ৪,৩৬,৫৮২.০০ টাকা মোট বকেয়া দাবী ১৪,৪৬,২৬৫.০০ টাকা ও সরকারী চলতি পৌরকর ১,৪৬,৫৩,৫২৭.০০ টাকা, চলতি বেসরকারী পৌরকর দাবী ৭৬,৫০,৯০৯.০০ টাকা মোট চলতি দাবী ২,২৩,০৪,৪৩৬.০০ টাকা সর্বমোট দাবী ২,৩৭,৫০,৭০১.০০ টাকা যাহার বিপরীতে চলতি কোয়ার্টারে অক্টোবর-ডিসেম্বর/২০২১ ইং পযর্ন্ত মোট ৭৫,০০,৫১৪.০০ টাকা আদায় হয়েছে। জুলাই-ডিসেম্বর/২০২১ইং পর্যন্ত সর্বমোট আদায় হয়েছে ১,৩২,৮৬,৫৩২/-টাকা আদায়ের হার ৫৬%। চলতি কোয়াটারে মোট ৫৬৪৭ টি বিল প্রিন্টপুর্বক করদাতার নিকট প্রেরন করা হয়েছে। পৌরকর আদায় বৃদ্ধির জন্য কর্মকর্তা ও কর্মচারীর সমন্বয়ে টিম গঠন ও মাইকিং করে সকল কার্যক্রম গ্রহন করার জন্য সচিবকে নির্দেশ দেন ।<br>জনাব মোঃ নুরুজ্জামান এ্যাসেসর(ভারপ্রাপ্ত) জানান প্রতি পাঁচ বছর অন্তর অন্তর রি-এ্যাসেসমেন্ট এবং পৌরসভার কর আদায় ও নিরুপন কমিটি কর্তৃক ধার্যকৃত কর রিভিউ করে চুড়ান্ত করার বিধান রয়েছে সে অনুযায়ী ২০২১-২০২২ ইং অর্থ বছরে রি-এ্যাসেসমেন্ট | পার্শ্বে উল্লেখিত আলোচনার প্রেক্ষিতে আদায় বৃদ্ধি ও রি-এ্যাসেসমেন্ট যথাসময়ে শেষ করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | এ্যাসেসর (ভারঃ) ও কর আদায়কারী | |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | | সংক্রান্ত কার্যক্রম চলমান আছে। জনাব ঈসা আলী প্যানেল মেয়র ধার্যকৃত সময়ের পুর্বে রি-এ্যাসেসমেন্ট সম্পন্ন করার পরামর্শ দেন | | | |
| খ) | পরোক্ষ কর এবং ফি আদায়ের মাধ্যমে রাজস্ব আহরণ (হোল্ডিং ট্যাক্স ব্যতিত) | সভায় জনাব মোঃ মশিউর রহমান সচিব অবহিত করেন যে, চলতি ২০২১-২০২২ অর্থবছরে মোট নিজস্ব অন্যান্য উৎস খাতের দাবী ৫,০৩,৬১,৮৪৯/-টাকা । যাহার বিপরীতে অক্টোবর-ডিসেম্বর/২০২১ইং কোয়ার্টারে আদায় হয়েছে ৫৩,৯৪,০৯৮/-টাকা, জুলাই-ডিসেম্বর/২০২১ইং পর্যন্ত সর্বমোট আদায় হয়েছে ১,৫৪,৪০,৬৪৫/-টাকা আদায়ের হার ৩১%। জনাব ডাঃ মোস্তাফিজুর রহমান সবুজ পেশাজীবি প্রতিনিধি জানান করোনাকালীল সময়ে বকেয়া দোকান ভাড়া বিল আদায়ে সবার সহযোগিতা কামনা করেন। | পার্শ্বে উল্লেখিত আলোচনার প্রেক্ষিতে বাষিক কর্মপরিল্পনা অনুযায়ী আদায় বৃদ্ধির জন্য বিভিন্ন পদক্ষেপ গ্রহন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সচিব/<br>হিসাব রক্ষক/<br>হিসাব রক্ষণ কর্মকর্তা | |
| গ) | কম্পিউটারাইজড ট্যাক্স (কর) রেকর্ড ব্যবস্থার প্রবর্তনএবংকম্পিউটারের মাধ্যমে বিল প্রণয়ন | কম্পিউটারের মাধ্যমে ট্যাক্স বিলের যাবতীয় কার্যক্রম সম্পাদন করা হচ্ছে এবং কম্পিউটারের সফটওয়্যারের মাধ্যমে বিল প্রস্তুত করে গ্রাহকগণের নিকট বিল প্রদান করা হচ্ছে; যা গ্রাহকগণকে ব্যাংকের মাধ্যমে বিল পরিশোধ করছেন। চলতি কোয়ার্টারে গ্রাহকগণের নিকট মোট ৫৬৪৭ টি বিল প্রিন্টপুর্বক প্রদান করা হয়েছে। | কম্পিউটারের মাধ্যমে ট্যাক্স বিল প্রদান এবং ব্যাংকের মাধ্যমে আদায় কার্যক্রম প্রক্রিয়া চলমান রাখার সিদ্ধান্ত গৃহীত হয় । | কর আদায়কারী | |
| ঘ) | পানির বিল নির্ধারণ ও সংগ্রহ | পানিশাখার বিলক্লাক জনাব দুলাল চন্দ্র রায় জানান যে, ২০২১-২০২২ অর্থ বছরে ১৫২০ টি সংযোগের বিপরীতে চলতি পানি বিলের দাবী ১৪,৯৯,৪০০/- টাকা ও বকেয়া দাবী ২,৪৫,২৩৬/- টাকা মোট পানির বিল দাবী ১৭,৪৪,৬৩৬/- টাকা, যাহার বিপরীতে অক্টোবর-ডিসেম্বর/২০২১ইং কোয়াটারে ১,৪৬,২১৩/- টাকা আদায় হয়েছে। জুলাই-ডিসেম্বর/২০২১ইং পর্যন্ত সর্বমোট আদায় হয়েছে ৩,০৭,২৭৮/-টাকা আদায়ের হার ৩১%। চলতি কোয়াটারে মোট ১৫২০ টি বিল প্রিন্টপুর্বক গ্রহকের নিকট প্রেরন করা হয়েছে। সম্মানীত সদস্য এলিনা্ বেগম নাগরিক সমাজের প্রতিনিধি জানান পানি বিল আদায় বৃদ্ধির জন্য কর্মকর্তা ও কর্মচারীর সমন্বয়ে টিম গঠন ও মাইকিং করার জন্য প্রস্তাব করেন | পার্শ্বে উল্লেখিত আলোচনার প্রেক্ষিতে বাষিক কর্মপরিল্পনা অনুযায়ী আদায় বৃদ্ধির জন্য বিভিন্ন পদক্ষেপ গ্রহন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী প্রকৌশলী/ বিল ক্লার্ক | |

**ক্ষেত্র-৫ ঃ আর্থিক ব্যবস্থাপনা, দায়বদ্ধতা ও স্থায়িত্ব**শীলতা(Financial Management, Accountability and Sustainability)

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | সিদ্ধান্ত বাস্তবায়নের জন্যদায়িত্বপ্রাপ্ত ব্যক্তি | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ক) | অর্থ ও সংস্থাপন স্থায়ী কমিটিকে সম্পৃক্ত করে পৌরসভা বার্ষিক বাজেট প্রণয়ন (সূত্রঃ পৌরসভা আইন, ২০০৯ এর ৫৫ ধারা) | জনাব মোঃ আফজালূল হক ক্যাশিয়ার অবহিত করেন গত স্মারক নং এলজিইডি/পিডি/UGIIP-III/বি-০৩/২০১৪/৬৭৭(৩৫) তাং ১৫/০৩/২০২১ ইং তারিখে পত্র অনুযায়ী অর্থ ও সংস্থাপন বিষয়ক স্থায়ী কমিটিকে সম্পৃক্ত করে UGIAP এ বর্নিত Advanced পর্যায়ের কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে ২০২০-২০২১ অর্থ বছরের সংশোধিত ও ২০২১-২০২২ অর্থ বছরের প্রস্তাবিত খসড়া বাজেট প্রণয়ন করার জন্য পত্র প্রেরন করেছেন। পত্র অনুযায়ী গত ৩১/০৫/২০২১ ইং তারিখ বিশেষ TLCC ও বিশেষ মাসিক সভায় আলোচনান্তে ২০২১-২০২২ সনের জন্য প্রস্তাবিত আয় ৪৫,৭৪,৩২,২৩১.০০টাকা ও ব্যয় ৪৫,৭০,২৮,০০০.০০টাকা এবং প্রারম্ভিক উদ্বৃত্ত সহ সমাপনী উদ্বৃত্ত ৩৮,১৭,৬৭৮.২১ টাকা বাজেট সর্বসম্মতিক্রমে অনুমোদন হয়। | অর্থ ও সংস্থাপন স্থায়ী কমিটিকে সম্পৃক্ত করে আগামী ২০২২-২০২৩ অর্থ বছরের খসড়া বাজেট প্রণয়ন,জনসাধারনের মতামতের জন্য নোটিশ বোর্ডে স্থাপন,বিশেষ TLCC-সভায় অনুমোদন ও পৌর পরিষদেসভায় চুড়ান্ত অনুমোদন সিদ্ধান্ত গৃহীত হয়। | সভাপতি, অর্থ ও সংস্থাপন স্থায়ী কমিটি/সচিব/<br>হিসাব রক্ষক/<br>হিসাব রক্ষণ কর্মকর্তা | |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| খ) | অডিট এন্ড একাউন্টস স্থায়ী কমিটিকে সম্পৃক্ত করে হিসাবের অডিট (নিরীক্ষা) সম্পন্ন করা (সূত্র ঃ পৌরসভা আইন, ২০০৯ এর ৫৫ ধারা) | জনাব মোঃ আফজালূল হক ক্যাশিয়ার জানান স্মারক নং ৪৬.০২.০০০০.৭৯৬.১৬.০২(অংশ-১)২০২০/১২২৬(৩৫) তারিখ ০৬/০৬/২০২১ইং পত্রের নির্দেশনা অনুযায়ী স্মারক নং ঃ নীলঃপৌঃসভা/রিপোর্ট/২০২১-২০২২/৪১৫ তারিখ ঃ ৩০/০৬/২১ ইং মোতাবেক পৌরসভা অডিট এন্ড একাউন্টস স্থায়ী কমিটি কর্তৃক অভ্যন্তরীন নিরীক্ষা সম্পন্ন করে ৩০/০৯/২০২১ ইং তারিখে নিরীক্ষার প্রতিবেদন জমা প্রদান করার জন্য মেয়র মহোদয় পত্র ইস্যু করেন। উক্ত পত্র মোতাবেক অডিট এন্ড একাউন্টস স্থায়ী কমিটি কর্তৃক অভ্যন্তরীন নিরীক্ষা সম্পন্ন করে গত ২১/০৯/২০২১ ইং তারিখে রিপোর্ট জমা প্রদান করেছেন। উক্ত রিপোর্ট সম্পর্কে সভায় আলোচনা হয় এবং এ ধারা চলমান রাখার বিষয়ে একমত পোষন করেন। | চলতি ২০২০-২০২১ অর্থ বছর আয়-ব্যয় হিসাব অডিট এন্ড একাউন্টস স্থায়ী কমিটিকে সম্পৃক্ত করে হিসাবের অডিট (নিরীক্ষা) সম্পন্ন করে P M O তে প্রেরনের এবং এ সম্পর্কীত কার্যক্রম চলমান রাখার সিদ্ধান্ত গৃহিত হয়। | সভাপতি, অডিট এন্ড একাউন্টস স্থায়ী কমিটি/<br>হিসাব রক্ষক/<br>হিসাব রক্ষণ কর্মকর্তা | |
| গ) | কম্পিউটারের মাধ্যমে হিসাবব্যবস্থার প্রবর্তন এবং কম্পিউটারে প্রস্তুতকৃত হিসাব প্রতিবেদন প্রণয়ন | কম্পিউটারের মাধ্যমে হিসাব ব্যবস্থার যাবতীয় কার্যক্রম সম্পাদন করা হচ্ছে এবং কম্পিউটারের সফটওয়্যারের মাধ্যমে প্রতি মাসে পূর্ববর্তী মাসের আয়-ব্যয়ের হিসাব সমূহ প্রিন্ট অন্তে মেয়র মহোদয় বরাবরে উপস্থাপন করা হয়। | প্রক্রিয়া চলমান রাখতে হবে। | হিসাব রক্ষক/<br>হিসাব রক্ষণ কর্মকর্তা | |
| ঘ) | বিদ্যুৎ ও টেলিফোন বিল পরিশোধ | সভায় জনাব মোঃ এ বি এম গোলাম মোস্তফা হিসাব রক্ষণ কর্মকর্তা জানান বিদ্যুৎ বিল বাবদ জুন/২১ পর্যন্ত বকেয়া নাই। চলতি অক্টোবর-ডিসেম্বর/২০২১ইং কোয়াটারে ৩,৩১,০৪৩/- টাকার বিদ্যুৎ বিল পাওয়া গেছে। জুলাই-ডিসেম্বর/২০২১ইং পর্যন্ত সর্বমোট ৬,৬১,১২৬/- টাকার বিদ্যুৎ বিল বকেয়া রয়েছে।<br>চলতি অক্টোবর-ডিসেম্বর/২০২১ইং কোয়াটারে ২,০১৩.০০ টাকার টেলিফোন বিল পাওয়া গেছে। জুলাই-ডিসেম্বর/২০২১ইং পর্যন্ত সর্বমোট ৪,০২৭/-টাকার টেলিফোন বিল বকেয়া রয়েছে। | পার্শ্বে উল্লেখিত আলোচনার প্রেক্ষিতে বিদ্যুৎ ও টেলিফোন বিল যথা সময়ে পরিশোধ করায় সিদ্ধান্ত গৃহীত হয়। | সচিব/<br>হিসাব রক্ষক/<br>হিসাব রক্ষণ কর্মকর্তা | |
| ঙ) | স্থায়ী সম্পদের তালিকা প্রণয়ন, স্থায়ী সম্পদের জন্য রেজিস্টার খোলা, স্থায়ী সম্পদের জন্য ডাটাবেজ তৈরী এবং স্থায়ী সম্পদের অবচয়ের হিসাব প্রবর্তন | জনাব মোঃ মেজবাহুনুর লুলু ভান্ডার রক্ষক জানান সকল স্থায়ী সম্পদের তালিকা নিয়মিত হালনাগাদ করে পৌরসভার রেজিষ্টারে লিপিবদ্ধ করা হচ্ছে। সফটওয়্যারের মাধ্যমে স্থায়ী সম্পদ সমূহ কম্পিউটারে ১০০% এন্ট্রি করা হয়েছে এবং আগামীতে সকল স্থায়ী সম্পদের হিসাব-নিকাশ কম্পিউটারের মাধ্যমে রাখার জন্য আলোচনা হয়। স্থায়ী সম্পদের অবচয়ের জন্য পৃথক ব্যাংক হিসাব খোলা হয়েছে যাহার হিসাব নং এস টি ডি-৭৩ উত্তরা ব্যাংক লিঃ নীলফামারী শাখা, নীলফামারী । চলতি কোয়াটারে স্থায়ী সম্পদের অবচয়ের জন্য পৃথক ব্যাংক হিসাবে কোন টাকা জমা হয় নাই। সর্বমোট স্থিতির পরিমান ১২,৭৮,৬৪৬/- টাকা। | প্রক্রিয়া চলমান রাখার সিদ্ধান্ত গৃহীত হয় এবং আগামীতে এ ধারা অব্যাহৃত রাখার সিদ্ধান্ত গৃহীত হয় | প্রধান সহকারী/<br>হিসাব রক্ষক/ভান্ডার রক্ষক/<br>হিসাব রক্ষণ কর্মকর্তা | |
| চ) | সকল সরকারি ঋণ পরিশোধ | সভায় জনাব মোঃ এ বি এম গোলাম মোস্তফা হিসাব রক্ষণ কর্মকর্তা জানান BMDF এর ঋনের কিস্তি জুন/২০২১ পর্যন্ত বকেয়া নাই, চলতি অক্টোবর-ডিসেম্বর/২০২১ইং কোয়াটারে ০১ টি কিস্তি বাবদ ২,৯৩,৪৪৯.০০ টাকা বকেয়া রয়েছে। জুলাই-ডিসেম্বর/২০২১ইং পর্যন্ত ০২ টি কিস্তি বাবদ সর্বমোট ৫,৯০,৪৭৭/-টাকার বকেয়া রয়েছে। | পার্শ্বে উল্লেখিত আলোচনার প্রেক্ষিতে BMDF এর ঋনের কিস্তি যথা সময়ে পরিশোধ করায় সিদ্ধান্ত গৃহীত হয়। | সচিব/হিসাব রক্ষণ কর্মকর্তা | |

**ক্ষেত্র-৬ ঃ প্রশাসনিক স্বচ্ছতা।**(Administrative Transparency)

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | সিদ্ধান্ত বাস্তবায়নের জন্যদায়িত্বপ্রাপ্ত ব্যক্তি | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ক) | স্থায়ী কমিটি গঠণ ও কার্যকর রাখা (সূত্রঃ পৌরসভা আইন, ২০০৯ এর ৫৫ ধারা) | জনাব মোঃ মশিউর রহমান সচিব জানান চলতি কোয়াটারে স্থায়ী কমিটির ২১ টি সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভার আলোচনা, সুপারিশ ও সিদ্ধান্ত সমুহ পর্যালোচনা করা হয় এবং তা বিস্তারিত আলোচনা ও প্রয়োজনীয় সিদ্ধান্ত গ্রহণের জন্য TLCC ও পৌর পরিষদের সভায় উত্থাপনের সিদ্ধান্ত গৃহিত হয়। | প্রক্রিয়া চলমান রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | সকল স্থায়ী কমিটির সভাপতি ও সদস্য সচিব | |
| খ) | সকল প্রশিক্ষণ কর্মসূচীতে অংশগ্রহণ সহায়তা প্রদান নিশ্চিতকরণ | সভায় অবহিত করা হয় যে, পৌরসভা কর্তৃক পৌরসভার সকল কর্মকর্তা ও কর্মচারীদের দক্ষতা বৃদ্ধির জন্য প্রশিক্ষনের ব্যবস্থা করা হয়েছে। এছাড়াও, সকল প্রশিক্ষণ কর্মসূচীতে স্বতঃস্ফুর্ত অংশগ্রহণ নিশ্চিত করা হয় এবং পৌরসভার সকল কমর্কতা ও কর্মচারীদের দক্ষতা বৃদ্ধির জন্য বিভিন্ন প্রশিক্ষণ গ্রহণের নিমিত্তে ২০২১-২২ অর্থ বছরে ২,০০,০০০/- বাজেট রাখা হয়েছে। বাজেট পরিল্পনা অনুযায়ী চলতি অক্টোবর-ডিসেম্বর/২০২১ইং কোয়াটারে ১,০৩,০০০.০০ টাকা ব্যয় হয়েছে । জুলাই-ডিসেম্বর/২০২১ইং পর্যন্ত সর্বমোট ব্যয় হয়েছে ১,২৩,০০০/-টাকা । ব্যয়ের হার ৬২%। | আগামীতে এ ধারা অব্যাহ্নত রাখার সিদ্ধান্ত গৃহীত হয় । | মেয়র/ সচিব | |
| গ) | সুশাসনের জন্য উন্নত তথ্য প্রযুক্তি/ IIT ব্যবহার | পৌরসভার ওয়েব সাইটে তথ্য আপলোডের কার্যক্রম অব্যাহত আছে এবং সিটিজেন চার্টারসহ অন্যান্য নাগরিক সুবিধার জন্য তথ্যাদি প্রদর্শন করা হয়েছে। | প্রক্রিয়া চলমান রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | সচিব/ নির্বাহী প্রকৌশলী | |

**ক্ষেত্র-৭ ঃ পৌরসভার প্রয়োজনীয় সেবা সচল রাখা** (Keeping Essential Pourashava Services Functional)

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | সিদ্ধান্ত বাস্তবায়নের জন্যদায়িত্বপ্রাপ্ত ব্যক্তি | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ক) | বর্জ্য সংগ্রহ, অপসারণ এবং ব্যবস্থাপনা | মোঃ মশিউর রহমান সচিব জানান ২০২১-২০২২ অর্থ বছরে বর্জ্য সংগ্রহ, অপসারণ, কর্মচারী বেতন,জ্বালানী ও অন্যান্য আনুসঙ্গিক খরচ বাবদ ৭৪,২৫,০০০/- টাকা বাজেট বরাদ্দ রাখা হয়েছে। বর্জ্য সংগ্রহ, অপসারণ এবং ব্যবস্থাপনা বিষয়ে ২০২১-২০২২ অর্থ বছরে কার্যক্রমে কর্ম পরিকল্পনা করা হয়েছে এবং পরিকল্পনা অক্টোবর-ডিসেম্বর/২০২১ইং কোয়াটারে ১৪,৭৪,৮৮০/- টাকা ব্যয় হয়েছে । জুলাই-ডিসেম্বর/২০২১ইং পর্যন্ত সর্বমোট ব্যয় হয়েছে ২৭,২০,৮৮০/-টাকা । ব্যয়ের হার ৩৭%। T L C C সম্মানীত সদস্যদের সন্তুষ্টির মাত্রার হার ৭২%। T L C C সম্মানীত সদস্য জনাব বাদশা আলমগীর জানান বর্জ্য সংগ্রহ, অপসারণ কাজে নিয়োজিত শ্রমিকদের ঠিকসময়মত তদারকি করা প্রয়োজন। | বর্জ্য সংগ্রহ, অপসারণ এবং ব্যবস্থাপনা খাতে আশানুরুপ ব্যয়, কার্যক্রম সঠিকভাবে সম্পন্ন হওয়ায় জন্য তদারকি জোরদার করনের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয় । | স্যানিটারী ইন্সপেক্টর/ কঞ্জারভেন্সি ইন্সপেক্টর | |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| খ) | ড্রেন পরিষ্কার ও রক্ষণা-বেক্ষণ | জনাব মোঃ মশিউর রহমান সচিব জানান ২০২১-২০২২ অর্থ বছরে ড্রেন পরিষ্কার ও রক্ষণা-বেক্ষণ কর্মচারী বেতন,জ্বালানী ও অন্যান্য আনুসঙ্গিক খরচ বাবদ ৯৫,৩০,০০০/- টাকা বাজেট বরাদ্দ রাখা হয়েছে। ড্রেন পরিষ্কার ও রক্ষণা-বেক্ষণ বিষয়ে ২০২১-২০২২ অর্থ বছরে কার্যক্রমে কর্ম পরিকল্পনা করা হয়েছে এবং পরিকল্পনা অনুয়ায়ী চলতি অক্টোবর-ডিসেম্বর/২০২১ইং কোয়াটারে ১২,২৯,৬৩১/- টাকা ব্যয় হয়েছে । জুলাই-ডিসেম্বর/২০২১ইং পর্যন্ত সর্বমোট ব্যয় হয়েছে ২৫,৪০,৪৩১/-টাকা ব্যয়ের হার ২৭%। শহর দরিদ্রজনগোষ্ঠির প্রতিনিধি জনাব আবু তালেব জানান অনেকে এখনো ময়লা আবর্জনা ডাষ্টবিনে না ফেলে আশে-পার্শ্বে/ড্রেনে ফেলেন এ জন্য আবর্জনা ড্রেনে না ফেলার জন্য সচেতনামুলক র‌্যালি/মাইকিং করার মরামর্শ দেন । TLCC র সন্তুষ্টির মাত্রা ৭২%। | গত সভার সিদ্ধান্ত মোতাবেক ড্রেন পরিষ্কার ও রক্ষণা-বেক্ষণ এর জন্য তদারকি জোরদার করনের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয় । | সহকারী প্রকৌশলী/ স্যানিটারী ইন্সপেক্ট র | |
| গ) | সড়ক বাতি কার্যকর রাখার ব্যবস্থা | জনাব মোঃ মশিউর রহমান সচিব জানান ২০২১-২০২২ অর্থবছরে সড়ক বাতি কার্যকর রাখার জন্য বিদ্যুৎ বিল,বৈদ্যুতিক দ্রবাদি ক্রয় ও অন্যান্য আনুসঙ্গিক খরচ বাবদ বাজেট ২৮,৬৫,০০০/- টাকা বরাদ্দ রাখা হয়েছে। সড়ক বাতি কার্যক্রমে এক বছরের কর্ম পরিকল্পনা গ্রহণ করা হয়েছে এবং পরিকল্পনা অনুযায়ী চলতি অক্টোবর-ডিসেম্বর/২০২১ইং কোয়াটারে ১,৯২,৭০০/- টাকা ব্যয় হয়েছে । জুলাই-ডিসেম্বর/২০২১ইং পর্যন্ত সর্বমোট ব্যয় হয়েছে ৪,২১,৯৬০/-টাকা ব্যয়ের হার ১৫%।TLCC র সন্তুষ্টির মাত্রা ৭২%। | জরুরী ভিত্তিতে সড়ক বাতি প্রতিস্থাপনের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয় । | উপ-সহকারী প্রকৌশলী(কিদ্যুৎ)/বাতি পরিদর্শক/বিদ্যুৎ মিস্ত্রি | |
| ঘ) | অবকাঠামো ও স্থাপনা পরিচালনা ও রক্ষণাবেক্ষণ, Mobile Maintenance Team গঠণ এবং কার্যকরি করণ | সভায় জনাব মোঃ হামিদুর রহমান সহকারী প্রকৌশলী জানান ২০২১-২০২২ অর্থবছরে অবকাঠামো ও স্থাপনা পরিচালনা ও রক্ষণাবেক্ষণ, Mobile Maintenance Team গঠণ এবং কার্যকর বাবদ ৮,০০,০০০/- টাকা বাজেট বরাদ্দ রাখা হয়েছে। অবকাঠামো ও স্থাপনা পরিচালনা ও রক্ষণাবেক্ষণ, Mobile Maintenance Team কার্যক্রমে এক বছরের কর্ম পরিকল্পনা প্রস্তুত করা হয়েছে। কর্ম পরিকল্পনা অনুয়ায়ী অক্টোবর-ডিসেম্বর/২০২১ইং পর্যন্ত মোট ব্যয় ১,৭৫,০০০.০০ টাকা। জুলাই-ডিসেম্বর/২০২১ইং পর্যন্ত সর্বমোট ব্যয় হয়েছে ২,৭৬,৫০০/-টাকা ব্যয়ের হার ৩৫%। TLCCর সন্তুষ্টির মাত্রা ৭২% | উল্লেখিত আলোচনার প্রেক্ষিতে অবকাঠামো রক্ষণাবেক্ষণ ও মেরামতের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | নির্বাহী প্রকৌশলী/ সহকারী প্রকৌশলী | |
| ঙ) | স্যানিটেশন কার্যক্রমের ব্যবস্থাপনা | সভায় জনাব মোঃ মর্তুজ আলী স্যানিটারী ইন্সপেক্টর জানান ২০২১-২০২২ অর্থ বছরে স্যানিটেশন কার্যক্রমের বাবদ ৫,৭০,০০০/- টাকা বাজেট বরাদ্দ রাখা হয়েছে। স্যানিটেশন কার্যক্রমের ব্যবস্থাপনায় এক বছরের কর্ম পরিকল্পনা প্রস্তুত করা হয়েছে পরিকল্পনা অনুয়ায়ী চলতি অক্টোবর-ডিসেম্বর/২০২১ইং কোয়াটারে ৭৫,০০০/- টাকা ব্যয় হয়েছে। জুলাই-ডিসেম্বর/২০২১ইং পর্যন্ত সর্বমোট ব্যয় হয়েছে ১,৫১,৮৯৯/-টাকা ব্যয়ের হার ২৭%। T L C C সম্মানীত সদস্য দরিদ্র শ্রেনীর প্রতিনিধি জনাবা নাগিস ফারহানা বলেন গাছবাড়ী বাসষ্টান্ডে নারী বান্ধব পাবলিক টয়লেট স্থাপন করা প্রয়োজন। TLCCর সন্তুষ্টির মাত্রা ৭২% | স্যানিটেশন কার্যক্রমের ব্যবস্থাপনা খাতে উল্লেখিত আলোচনার প্রেক্ষিতে স্যানিটেশন কার্যক্রমের প্রক্রিয়া চলমান রাখার সিদ্ধান্ত গৃহীত। । | সহকারী প্রকৌশলী/ স্যানিটারী ইন্সপেক্টর | |

অত:পর সভায় আর কোন আলোচনার বিষয় না থাকায় সভাপতি মহোদয় সভায় উপস্থিত TLCC'র সদস্যগণকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

| | |
|---|---|
| মোঃ মশিউর রহমান<br>সদস্য সচিব(TLCC)<br>নীলফামারী পৌরসভা | দেওয়ান কামাল আহমেদ<br>মেয়র<br>নীলফামারী পৌরসভা |

সম্মারক নং- নীঃ পৌঃ সভা/সাধা-নথি/২০২১-২০২২/ তারিখঃ- ২০/১২/২০২১ ইং

**অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলঃ**

১। সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রনালয়, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

২। প্রকল্প পরিচালক, তৃতীয় নগর পরিচালন ও অবকাঠামো উন্নতিকরণ সেক্টর প্রকল্প, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।

৩। টিম লিডার, জিআইসিডি, GICD , UGIIP-III, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।

৪। জনাব/বেগম............................................................সদস্য/সদস্য-সচিব, শহর সমন্বয় কমিটি (TLCC), নীলফামারী **পৌরসভা**

৫। অফিস নথি।

| | |
|---|---|
| মোঃ মশিউর রহমান<br>সদস্য সচিব(TLCC)<br>নীলফামারী পৌরসভা | দেওয়ান কামাল আহমেদ<br>মেয়র<br>নীলফামারী পৌরসভা |